

Times Today BD

ক্যাম্পাস | 25 March, 2025

ঢাকা কলেজের নতুন উপাধ্যক্ষ হিসেবে নিয়োগ পেয়েছেন অধ্যাপক পারভীন সুলতানা হায়দার। তিনি বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারের ১৪ ব্যাচের কর্মকর্তা। এর আগে তিনি ঢাকা কলেজেই অর্থনীতি বিভাগের বিভাগীয় প্রধান হিসেবে কর্মরত ছিলেন।

মঙ্গলবার (২৫ মার্চ) শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সরকারি কলেজ-২ শাখার উপসচিব মো. মাহবুব আলমের সই করা প্রজ্ঞাপনে বিষয়টি নিশ্চিত করা হয়েছে।

এতে বলা হয়েছে, বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা অর্থনীতি বিভাগের অধ্যাপক পারভীন সুলতানা হায়দারকে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত ঢাকা কলেজের উপাধ্যক্ষ হিসেবে নিয়োগ দেওয়া হলো। একই সঙ্গে তাকে আগামী ২৭ মার্চের মধ্যে বর্তমান কর্মস্থল থেকে অবমুক্ত আবশ্যিকভাবে পিডিএসে লগ ইন করে অবমুক্ত ও যোগদান প্রক্রিয়া সম্পন্ন করার জন্য বলা হয়েছে।

এর আগে, চলতি বছরের ১২ জানুয়ারি ঢাকা কলেজের উপাধ্যক্ষ হিসেবে নিয়োগ পেয়েছিলেন সরকারি তিতুমীর কলেজের দর্শন বিভাগের অধ্যাপক নাছিমা আক্তার চৌধুরী। এরপর তার অবসরের প্রায় দুই মাসের বেশি সময় পর ফের নতুন উপাধ্যক্ষ নিয়োগ দেওয়া হলো।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 25 April, 2025 00:07

URL: <https://timestodaybd.com/campus/9590895>